গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দার্ন রুট
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-০৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

স্মারক নম্বর: ৩৫.০৫.০০০০.৫০১.৩৮.০০১.২১-৭৮৩

তারিখ: ৩০ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ / ১৪ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়ঃ প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভায় অংশগ্রহণ সংক্রান্ত।

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড এর আওতায় বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দার্ন রুট প্রকল্পের পিআইসি-এর সভাপতি ও কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক জনাব এম, এ, এন, ছিদ্দিক এঁর সভাপতিত্বে প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)'র তৃতীয় (৩য়) সভা নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী ডিএমটিসিএল এর সম্মেলন কক্ষ (লেভেল-১৪), প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকায় অনুষ্ঠিত হবে:

| ক্রম | প্রকল্পের নাম | তারিখ ও সময় | উদ্যোগী মন্ত্রণালয় / বিভাগ ও বাস্তবায়নকারী সংস্থা |
|---|---|---|---|
| ০১ | ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দার্ন রুট | ১৯/০৯/২০২৩ ও বিকাল ৩.০০ ঘটিকা | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) |

আলোচ্যসূচি:

ক) এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট-এর প্যাকেজ ভিত্তিক অগ্রগতি পর্যালোচনা
খ) বিবিধ

০২. উক্ত সভায় যথাসময়ে উপস্থিত হওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সভার কার্যপত্র ০১ (এক) সেট।

১৪/০৯/২০২৩

(মোঃ শফিকাত হাসান)
উপপ্রকল্প পরিচালক (সিভিল, ইউ-১)
ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট
(লাইন-৫): নর্দার্ন রুট
ফোন: ০২-৫৫১৩৮৩৩১
ইমেইল: dpdcu1mrt5n@dmtcl.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) (কার্যার্থে):

১) জনাব সৈয়দা ফারহানা কাউনাইন, যুগ্মসচিব (পরিকল্পনা ও পরিসংখ্যান), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) জনাব মেরীনা নাজনীন, যুগ্মসচিব (ডিএফডিপি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) জনাব কাউসার নাসরীন, (উপসচিব), বাজেট-১৬ শাখা, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) জনাব মোঃ মাহমুদ হাসান, পরিচালক (উপসচিব), সেক্টর-২, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৫) জনাব মোঃ রুহুল আযম, উপ-প্রধান, ভৌত অবকাঠামো উইং, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৬) জনাব কোহিনূর আক্তার, সিনিয়র সহকারী প্রধান, আন্তর্জাতিক অর্থনীতি অনুবিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন।
৭) জনাব মুহাম্মদ মনসুর উদ্দিন, সিনিয়র সহকারী প্রধান, সড়ক পরিবহন উইং, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৮) মোছাঃ উলফৎ আরা বেগম, সিনিয়র সহকারী সচিব, জাপান-১ অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৯) মোহাম্মদ নাজমুল হাসান খান, সিনিয়র সহকারী প্রধান, একনেক-১, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা ।

<u>অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) (সদয় অবগতির জন্য):</u>

১) সদস্য (সচিব), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২) সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) সদস্য (সচিব), ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৫) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৭) যুগ্ম-প্রধান, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৮) প্রকল্প পরিচালক, ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দার্ন রুট, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৯) অতিরিক্ত প্রকল্প পরিচালক, (অর্থ ও প্রশাসন), ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দার্ন রুট, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
১০) অতিরিক্ত প্রকল্প পরিচালক, (মেকানিক্যাল), ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দার্ন রুট, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
১১) অতিরিক্ত প্রকল্প পরিচালক, (সিভিল, আন্ডারগ্রাউন্ড), ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দার্ন রুট, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
১২) অতিরিক্ত প্রকল্প পরিচালক, (ই এন্ড এইচএস, এলএ এন্ড রিসেটেলমেন্ট)), ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দার্ন রুট, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
১৩) অতিরিক্ত প্রকল্প পরিচালক, (ইলেকট্রিক্যাল, সিগনাল এন্ড টেলিকমিউনিকেশন এন্ড ট্র্যাক), ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দার্ন রুট, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
১৪) সিস্টেম এনালিস্ট, ডিএমটিসিএল (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৫) ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব ডিএমটিসিএল (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৬) অফিস কপি/ মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দার্ন রুট
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-০৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

## ৩য় পিআইসি সভার জন্য কার্যপত্র

| | | | |
|---|---|---|---|
| ০১. | প্রকল্পের নাম | : | ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দার্ন রুট |
| ০২. | ক. উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ | : | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| | খ. বাস্তবায়নকারী সংস্থা | : | ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড |
| ০৩. | প্রাক্কলিত ব্যয় (কোটি টাকায়) | | |
| | ক. মোট | : | ৪১,২৩৮.৫৪৭৭ |
| | খ. জিওবি | : | ১২,১২১.৪৯৬৭ |
| | গ. প্রকল্প সাহায্য | : | ২৯,১১৭.০৫১০ |
| ০৪. | অর্থায়নের উৎস | : | বাংলাদেশ সরকারের অনুদানে এবং জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (JICA) এর ঋণ |
| ০৫ | প্রকল্পের বাস্তবায়নকাল | : | জুলাই ২০১৯ হতে ডিসেম্বর ২০২৮ |
| ০৬. | প্রকল্প এলাকা | : | ঢাকা জেলার সাভার উপজেলা এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

৬.১ এমআরটি লাইন-৫ এর প্রস্তাবিত রুট:

| এল্যাইনমেন্ট | স্টেশন সংখ্যা | লাইনের অবস্থান | মোট দৈর্ঘ্য |
|---|---|---|---|
| হেমায়েতপুর-বলিয়ারপুর-বিলামালিয়া-আমিনবাজার-গাবতলী-দারুসসালাম-মিরপুর-১,-মিরপুর-১০,- মিরপুর-১৪, -কচুক্ষেত- বনানী-গুলশান-২,-নতুনবাজার-ভাটারা | ১৪টি | হেমায়েতপুর-আমিনবাজার এবং নতুনবাজার হতে ভাটারা স্টেশন পর্যন্ত ৬.৫০ কি:মি: এলিভেটেড এবং আমিনবাজার-নতুনবাজার পর্যন্ত ১৩.৫০ কি: মি: আন্ডারগ্রাউন্ড | ২০.০০ কি:মি |

০৭. চলতি সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দঃ

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দার্ন রুট প্রকল্পটির অনুকূলে ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) অনুযায়ী প্রকল্প সাহায্য (ডিপিএ) খাতে সংশোধিত বরাদ্দকৃত অর্থের পরিমাণ মোট ৮৮০ কোটি টাকা তন্মধ্যে জি ও বি ৩৮০ কোটি টাকা এবং প্রকল্প ঋণ মোট বরাদ্দের পরিমান ৫০০.০০ কোটি টাকা। আগস্ট ২০২৩ পর্যন্ত ব্যয়ের পরিমান জি ও বি ১৩.১৮ কোটি পি এ খাতে ৪৬.২৫ কোটি টাকা, মোট ব্যয় ৫৯.৪৩ কোটি টাকা। অর্থ বছেরের সার্বিক অগ্রগতি ৬.৭৫%। বরাদ্দকৃত সমূদয় অর্থ ব্যয় করা সম্ভব হবে। আগস্ট ২০২৩ পর্যন্ত প্রকল্পের ক্রমপঞ্জিত ব্যয় ১৮৭১.৫৯ কোটি টাকা। সার্বিক অগ্রগতি ৪.৫৪%

০৮. প্রকল্পের উদ্দেশ্যঃ

- হেমায়েতপুর-বলিয়ারপুর-বিলামালিয়া-আমিনবাজার-গাবতলী-দারুসসালাম-মিরপুর-১,-মিরপুর-১০,-মিরপুর-১৪,-কচুক্ষেত-বনানী-গুলশান-২,-নতুন বাজার-ভাটারা পর্যন্ত ২০.০০ কি: মি: এমআরটি লাইন-৫ নর্দার্ন রুট নির্মাণ;
- ঢাকাসহ আশপাশের এলাকায় ট্রাফিক জ্যাম কমিয়ে আনা;
- ঢাকাসহ আশপাশের এলাকায় পরিবেশ উন্নয়ন;

- ➢ শহরবাসির জন্য আধুনিক ও নিরাপদ ম্যাস র‍্যাপিড ট্রানজিট নির্মাণ করা;
- ➢ দ্রুত সময়ে যাত্রীদের যাতায়াত উন্নয়ন।

০৯. প্রকল্পের পটভূমি ও প্রস্তাবিত মূল কার্যক্রম:

৯.১ প্রকল্পের পটভূমি:

বাংলাদেশের অর্থনৈতিক ও রাজনৈতিক রাজধানী ঢাকা বিশ্বের অন্যতম ঘনবসতিপূর্ণ শহর যেখানে প্রতি বর্গকিলোমিটারে প্রায় ৪৯৮০৩ জন মানুষ বসবাস করে। ঢাকা শহরে ২০০১ সালে যেখানে নিবন্ধিত যানবাহনের সংখ্যা ছিল মাত্র ২০,৬০০ টি সেখানে জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে ২০১৩ সালে এই সংখ্যা বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ১,৯৫,৪০০ টিতে। সে তুলনায় রাস্তার সংখ্যা তেমন বৃদ্ধি না পাওয়ায় যানজট দুর্বিষহ আকার ধারণ করেছে। সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার সাথে সঙ্গতি রেখে বাংলাদেশ সরকার ২৯ আগস্ট ২০১৬ সালে রিভাইজড স্ট্রাটেজিক ট্রান্সপোর্ট প্ল্যান (আরএসটিপি) অনুমোদন করেছে। উক্ত স্ট্রাটেজিক ট্রান্সপোর্ট প্ল্যান অনুযায়ী ঢাকা শহরের যানজট দূরীকরণের লক্ষ্যে পাবলিক ট্রান্সপোর্টেশন নেটওয়ার্ক হিসেবে ৬টি এমআরটি লাইন তৈরি করা হবে। অগ্রাধিকার প্রাপ্ত প্রকল্প হিসেবে এমআরটি লাইন-৫ নর্দার্ন রুট এর বিভিন্ন সমীক্ষা ও প্রিপারেটরী স্টাডি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। ২০.০০ কি: মি: দীর্ঘ এমআরটি লাইন-৫ নর্দার্ন রুট হেমায়েতপুর হয়ে আমিনবাজার, গাবতলী, দারুসসালাম, মিরপুর-১, মিরপুর-১০, মিরপুর-১৪, কচুক্ষেত, বনানী, গুলশান-২, নতুন বাজার ও ভাটারাকে যুক্ত করবে। আলোচ্য প্রকল্পের জন্য ইআরডি এবং জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সীর (জাইকা) মধ্যে ৩টি ঋণ চুক্তি স্বাক্ষর হয়েছে। আলোচ্য প্রকল্পের আওতায় ২০.০০ কিলোমিটার এমআরটি লাইন-৫ নির্মাণের লক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক মোট ৪১,২৩৮.৫৪৭৭ কোটি (জিওবি ১২,১২১.৪৯৬৭ কোটি + প্রকল্প ঋণ ২৯,১১৭.০৫১০ কোটি) টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৯ হতে ডিসেম্বর ২০২৮ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়েছে।

৯.২ প্রকল্পের আওতায় গৃহীতব্য প্রধান ভৌত কার্যাবলী:

- মেইন লাইনের সিভিল এন্ড স্টেশন ওয়ার্কস
- ডিপোতে সিভিল এবং বিল্ডিং ওয়ার্কস
- রেলওয়ে ট্র্যাক ইনস্টলেশন
- রোলিং স্টকস্ এন্ড ইকুইপমেন্টস সংগ্রহ এবং স্থাপন
- ভূমি অধিগ্রহণ/ Acquisition
- রিসেটেলমেন্ট
- অর্পিত কাজ (Deligated procurement)
- ডিজাইন ও ভৌত কাজ বাস্তবায়ন সঙ্ক্রান্ত পরামর্শক সেবা

৯.৩ ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসন ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬ (ছয়)টি মেট্রোরেল সমন্বয়ে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় ১ম পর্যায়ে মোট ১৪০.৭০ কিলোমিটারের একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে। এই কর্মপরিকল্পনা অনুসরণে ২০২৮ সালের মধ্যে হেমায়েতপুর হতে ভাটারা পর্যন্ত পাতাল ও উড়াল সমন্বয়ে ২০ কিলোমিটার দীর্ঘ (পাতাল ১৩.৫০ কিলোমিটার এবং উড়াল ৬.৫০ কিলোমিটার) ও ১৪টি স্টেশন (পাতাল ৯টি এবং উড়াল ৫টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত ১ জুলাই ২০১৯ হতে ৩১ ডিসেম্বর ২০২৮ মেয়াদে প্রায় ৪১,২৩৮.৫৫ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের জন্য Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Northern Route প্রকল্পটি অনুমোদিত হয়। হেমায়েতপুর হতে আমিন বাজার পর্যন্ত উড়াল, আমিন বাজার হতে নতুন বাজার পর্যন্ত পাতাল এবং নতুন বাজার হতে ভাটারা পর্যন্ত উড়াল হিসেবে MRT Line-5: Northern Route নির্মিত হবে। ঢাকা মহানগরীর যানজট নিরসন ও পরিবেশ উন্নয়নে দ্রুতগামী, নিরাপদ, নির্ভরযোগ্য, শীতাতপ নিয়ন্ত্রিত, সময় সাশ্রয়ী, বিদ্যুৎ চালিত, দূরনিয়ন্ত্রিত ও পরিবেশবান্ধব অত্যাধুনিক গণপরিবহন ব্যবস্থা প্রবর্তন প্রকল্পটি বাস্তবায়নের অন্যতম উদ্দেশ্য। এটিই হবে ঢাকা মহানগরীর প্রথম পূর্ব-পশ্চিম MRT Corridor. প্রকল্পের বিভিন্ন সার্ভে যেমন: Topographic Survey, Geo-technical Survey, Inundation Survey এবং Basic Design এর কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। বর্তমানে Utility Relocation Survey এর পাশাপাশি Detail Design এর কাজ চলমান রয়েছে। ৩০ এপ্রিল ২০২৩ তারিখ পর্যন্ত Detail Design কাজের অগ্রগতি ৮৫%।

৯.৪ প্রকল্পের ২য় পি আই সি সভায় গৃহিত সিদ্ধান্ত সমূহের অগ্রগতিঃ

| ক্রম | সিদ্ধান্ত | অগ্রগতি |
|---|---|---|
| ক) | আগামী ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য বরাদ্দকৃত ৮৮০ (আটশত আশি) কোটি টাকার পরিপূর্ণ ব্যবহার নিশ্চিত করতে হবে; | ২০২৩-২৪ অর্থ বছরের বরাদ্দকৃত সমূদয় অর্থ ব্যয়ের লক্ষ্যে কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং পরামর্শক ঠিকাদারি প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় নির্দেশনাসহ প্রকল্প কার্যলয় কর্তৃক নিয়মিত তদারকি অব্যাহত রয়েছে। |
| খ) | ডিএমটিসিএল এর কর্মপরিকল্পনা অনুযায়ী MRT Line-5: Northern Route আন্তঃলাইন সংযোগ স্টেশন সংলগ্ন এলাকায় ও প্রধান প্রধান স্টেশন সংলগ্ন এলাকায় ন্যূনতম ১(এক)টি TOD Hub এবং ৪(চার)টি Station Plaza নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে; এবং | ইত্যেমধ্যে TOD পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের জন্য ডিএমটিসিএল কর্তৃক ১৭ জুলাই ২০২৩ইং তারিখে ০৯ (নয়) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। এছাড়া এমআরটি (লাইন-৫): নর্দার্ন রুটের আওতায় গাবতলী এলাকায় একটি TOD হাব নির্মাণের লক্ষ্যে রাউজক এর সমন্বয়ে একটি Working Group কাজ শুরু করেছে। |
| গ) | বার্ষিক কার্যসম্পাদন চুক্তি (এপিএ) প্রণয়নে ভূমি অধিগ্রহণের সূচকের অগ্রগতি শতাংশের পরিবর্তে তারিখে নির্ধারণ করা যায় কিনা তা খতিয়ে দেখতে হবে। | ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কার্যসম্পাদন চুক্তি (এপিএ) প্রণয়নে ভূমি অধিগ্রহণের সূচকের অগ্রগতি শতাংশের পরিবর্তে তারিখে নির্ধারণ করা হয়েছে। |

৯.৫ প্রকল্পের আওতায় বিভিন্ন প্যাকেজের অগ্রগতি:

প্রকল্পের আওতায় ভৌত কার্যক্রম বাস্তবায়নের জন্য মোট ১০ টি ক্রয় প্যাকেজ নির্ধারিত রয়েছে।

প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন সিপি-০১ প্যাকেজের মাধ্যমে ডিপো এলাকার ভূমি উন্নয়নের ২৩ মে ২০২৩ তারিখে নির্বাচিত ঠিকদার TOA-Spectra JV এর সহিত চুক্তি প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। মোট চুক্তি মূল্যের পরিমান ১১,৮৯০,০০০,০৫৩ টাকা তন্মধ্যে জাইকা কর্তৃক প্রদত্ত অর্থের পরিমাণ ১০,২৮৮,৮০৪,৮০৬ টাকা এবং বাংলাদেশ সরকার কর্তৃক প্রদত্ত অর্থের পরিমান ১,৬০১,১৯৫,২৪৭ টাকা। ডিপো নির্মানের জন্য ইতোমধ্যে ৯৯.২৫ একর ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। ইতোমধ্যে ঠিকাদারকে অগ্রিম অর্থ প্রদান করা হয়েছে এবং জমির অধিগ্রহণকৃত সীমানাও বুঝিয়ে দেওয়া হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান বর্তমানে তার জনবল ও যন্ত্রপাতির মবিলাইজেশন শুরু করেছে। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্যাকেজটির বাস্তব কাজ শীঘ্রই উদ্বোধনের পরিকল্পনা রয়েছে।

প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন সিপি-০২ এই প্যাকেজের আওতায় ৩৪ টি অবকাঠামো নির্মাণ করা হবে। প্যাকেজের নির্মাণ কাজের প্রাক-যোগ্যতার আবেদন আহ্বান ও গ্রহণ করা হয়েছে। মূল্যায়ন কার্যক্রম চলছে। এই প্যাকেজের বিস্তারিত নকশা ও দরপত্র দলিল প্রণয়ন কার্যক্রমের অগ্রগতি ৯৩.৫০%।

প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন সিপি-০৩ (হেমায়েতপুর হতে আমিন বাজার ট্রানজিশন পর্যন্ত এবং নতুন বাজারের পর ট্রানজিশন থেকে ভাটারা পর্যন্ত উড়াল মেইন লাইন এবং ৫টি উড়াল মেট্রোরেল স্টেশন নির্মাণ): এই প্যাকেজের নির্মাণ কাজের প্রাক-যোগ্যতার আবেদন মূল্যায়ন শেষে উন্নয়ন সহযোগী সংস্থা সম্মতি পাওয়া গিয়েছে। সহসাই নির্মাণ কাজের দরপত্র আহ্বান করা যাবে বলে আশা করা হচ্ছে। এই প্যাকেজের বিস্তারিত নকশা ও দরপত্র দলিল প্রণয়ন কার্যক্রমের অগ্রগতি ৯৩.৫০%।

প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন সিপি-০৪ (আমিন বাজার ট্রানজিশন হতে মিরপুর-১ মেট্রোরেল স্টেশন পর্যন্ত পাতাল মেইন লাইন ও ৩টি মেট্রোরেল স্টেশন নির্মাণ): এই প্যাকেজের নির্মাণ কাজের প্রাক-যোগ্যতার আবেদনের মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করে উন্নয়ন সহযোগী সংস্থার নিকট প্রেরণ করা হয়েছে। এই প্যাকেজের বিস্তারিত নকশা ও দরপত্র দলিল প্রণয়ন কার্যক্রমের অগ্রগতি ৮৮.৭০%।

প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন সিপি-০৫ (মিরপুর ১ স্টেশনের পর হতে কচুক্ষেত মেট্রোরেল স্টেশন পর্যন্ত পাতাল মেইন লাইন ও ৩টি মেট্রোরেল স্টেশন নির্মাণ): এই প্যাকেজের নির্মাণ কাজের প্রাক-যোগ্যতার আবেদনের মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করে উন্নয়ন সহযোগী সংস্থার নিকট প্রেরণ করা হয়েছে। এই প্যাকেজের বিস্তারিত নকশা ও দরপত্র দলিল প্রণয়ন কার্যক্রমের অগ্রগতি ৮৫.৯০%।

প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন সিপি-০৬ (কচুক্ষেত স্টেশনের পর হতে ভাটারা ট্রানজিশন পর্যন্ত পাতাল মেইন লাইন ও ৩টি মেট্রোরেল স্টেশন নির্মাণ): এই প্যাকেজের নির্মাণ কাজের প্রাক-যোগ্যতার আবেদনের মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করে উন্নয়ন সহযোগী সংস্থার নিকট প্রেরণ করা হয়েছে। এই প্যাকেজের বিস্তারিত নকশা ও দরপত্র দলিল প্রণয়ন কার্যক্রমের অগ্রগতি ৯৪.৯০%।

প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন সিপি-০৭ লাইন-৫ নর্দার্ন রুটের জন্য (ই এন্ড এম সিস্টেম, সিগন্যাল সিস্টেম, টেলিকমিউনিকেশন সিস্টেম, প্ল্যাটফর্ম স্ক্রিন ডোরস্ ও এন্টারপ্রাইজ রিসোর্স ম্যানেজমেন্ট সিস্টেম): এই প্যাকেজের নির্মাণ কাজের প্রাক-যোগ্যতার আবেদন আহ্বান করা হয়েছে। বিস্তারিত নকশা ও দরপত্র দলিল প্রণয়ন কার্যক্রমের অগ্রগতি ৯৮.৩০%।

প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন সিপি-০৮ লাইন-৫ নর্দার্ন রুটের জন্য (রোলিং স্টক ও ডিপো ইকুইপমেন্ট): এই প্যাকেজের প্রাক-যোগ্যতার দলিল চূড়ান্ত হয়েছে। সহসাই উন্নয়ন সহযোগী সংস্থার নিকট প্রেরণ করা হবে। বিস্তারিত নকশা ও দরপত্র দলিল প্রণয়ন কার্যক্রমের অগ্রগতি ৯৮%।

প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন সিপি-০৯ (ডিপো ও মেইন লাইন এর ট্র্যাক ওয়ার্কস): এই প্যাকেজের প্রাক-যোগ্যতার দলিল প্রস্তুত করে উন্নয়ন সহযোগী সংস্থার নিকট প্রেরণ করা হয়েছে। সহসাই প্রাক যোগ্যতার আবেদন আহ্বান করা হবে। বিস্তারিত নকশা ও দরপত্র দলিল প্রণয়ন কার্যক্রমের অগ্রগতি ৯৭.৪০%।

প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন সিপি-১০ (অটোমেটিক ফেয়ার কালেকশন সিস্টেম): এই প্যাকেজের প্রাক-যোগ্যতার দলিল প্রস্তুতকরণের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। চূড়ান্ত হওয়ার পর উন্নয়ন সহযোগী সংস্থার নিকট প্রেরণ করা হবে। বিস্তারিত নকশা ও দরপত্র দলিল প্রণয়ন কার্যক্রমের অগ্রগতি ৯৮.৫০%।

## ৯.৬ ভূমি অধিগ্রহণ সঙ্ক্রান্ত অগ্রগতি:

| ক্রম | এলাকা | প্রস্তাবকৃত ভূমির পরিমান (একর) | অগ্রগতি |
|---|---|---|---|
| ১ | ডিপো ও ডিপো এর এক্সেস | ৯৯.২৫০ | অধিগ্রহণ সম্পন্ন, গেজেট প্রকাশিত,নামজারী সম্পন্ন এবং দখল হস্তান্তর সম্পন্ন |
| ২ | হেমায়েতপুর হতে বলিয়ারপুর | ২.৮৯৯৪ | যৌথ তদন্ত সম্পন্ন |
| ৩ | বলিয়ারপুর হতে আমিন বাজার | ৩.০১৮৭ | যৌথ তদন্ত চলমান |
| ৪ | নতুনবাজার হতে ভাটারা | ৩.৪২৮৩ | কেন্দ্রীয় ভূমি বরাদ্দ কমিটির অনুমোদন পাওয়া গিয়েছে |
| ৫ | দারুস সালাম থেকে গুলশান-২ | ১.২৭৯৯ | কেন্দ্রীয় ভূমি বরাদ্দ কমিটির অনুমোদন পাওয়া গিয়েছে, ৪ ধারা নোটিশ জারি করা হয়েছে |
| ৬ | মিরপুর-১০ | ০.৪৭৩৮ | কেন্দ্রীয় ভূমি বরাদ্দ কমিটির অনুমোদন পাওয়া গিয়েছে, ৪ ধারা নোটিশ জারি করা হয়েছে |

৯.৭ সংস্থার আওতাধীন ভূমিঃ

| | সংস্থার নাম | বিষয়বস্তু | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ঢাকা পানি সরবরাহ ও পয়:নিষ্কাশন কর্তৃপক্ষ | গুলশান আবাসিক এলাকা মৌজার ০.৩৬০০ একর ভূমি ডিএমটিসিএল এর অনুকূলে হস্তান্তর | এ লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে একটি আন্তঃ মন্ত্রনালয় সভা অনুষ্ঠিত হয়েছে এবং সভার সিদ্ধান্ত অনুযায়ী গঠিত টেকনিক্যাল টিম এর তদন্ত প্রতিবেদন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে জমা দেওয়া হয়েছে। |
| ২ | বাংলাদেশ রেলওয়ে | বনানী আবাসিক এলাকা মৌজার ০.৪০৮৩ একর ভূমি ডিএমটিসিএল এর অনুকূলে হস্তান্তর | রেলপথ মন্ত্রণালয় হতে মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। |
| ৩ | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | ইব্রাহিমপুর ও সেনপাড়া পর্বতা মৌজার ১.৫০৮৩ একর ভূমি ডিএমটিসিএল এর অনুকূলে হস্তান্তর | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় হতে চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। |
| ৪ | গণপূর্ত অধিদপ্তর | বিশিল ও পাইকপাড়া মৌজার ০.৬৭২৪ একর ভূমি ডিএমটিসিএল এর অনুকূলে হস্তান্তর | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় হতে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। |
| ৫ | জাতীয় ক্রীড়া পরিষদ | সেনপাড়া পর্বতা মৌজার ০.২৫৫৫ একর ভূমি ডিএমটিসিএল এর অনুকূলে হস্তান্তর | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক ৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। কমিটির সদস্যগণ গত ৩০/১০/২০২২ তারিখে জাতীয় ক্রীড়া পরিষদের আওতাধীন সৈয়দ নজরুল ইসলাম জাতীয় সুইমিং কমপ্লেক্স সরেজমিনে পরিদর্শন করে।<br>জাতীয় ক্রীড়া পরিষদের মালিকানাধীন সেনপাড়া পর্বতা মৌজার ০.২৫৫৫ একর ভূমি ডিএমটিসিএল এর অনুকূলে হস্তান্তরের বিষয়ে জাতীয় ক্রীড়া পরিষদের মাননীয় চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান মহোদয়ের প্রস্তাবিত স্থানটি সরেজমিনে পরিদর্শন পূর্বক সিদ্ধান্ত গ্রহণ করা যুক্তিযুক্ত হবে মর্মে কমিটির সদস্যগণ একমত পোষণ করেন।<br>এ আলোকে সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রনালয় এবং সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ ০৩ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. তারিখে সরজমিনে পরিদর্শন করেছেন। |
| ৬ | বাংলাদেশ সেনাবাহিনী | ইব্রাহিমপুর মৌজায় ০.৪১৪২ একর ও লালাসরাই মৌজায় ০.১৬৪৮ একর মোট ০.৫৭৯০ একর ভূমি ডিএমটিসিএল এর অনুকূলে হস্তান্তর | ০.৫৭৯০ একর ভূমি হস্তান্তরের বিষয়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে পত্র প্রেরন করা হয়েছে। তৎপ্রেক্ষিতে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। প্রতিরক্ষা মন্ত্রণালয় প্রস্তাবিত ভূমির বিষয়ে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ম্যানুয়াল ১৯৯৭ অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করে। তদানুয়ায়ী সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করে। |
| ৭ | বাংলাদেশ পুলিশ | ইব্রাহিমপুর মৌজার ০.০৬৯৯ একর ভূমি ডিএমটিসিএল এর অনুকূলে হস্তান্তর | জননিরাপত্তা বিভাগ হতে পুলিশ মহাপরিদর্শক এর নিকট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে। |
| ৮ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | সেনপাড়া পর্বতা মৌজার ০.১৯০২ একর ভূমি ডিএমটিসিএল এর অনুকূলে হস্তান্তর | সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে সংশোধিত নকশা অনুযায়ী পত্র প্রেরণ করা হয়েছে।<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। |
| ৯ | স্বাস্থ্য অধিদপ্তর | বেগুনবাড়ি মৌজার ০.০৬৪৪ একর ভূমি ডিএমটিসিএল এর অনুকূলে হস্তান্তর | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য সেবা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। |